সমকাল

তারিখ 18 DEC 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

# ১৪০ প্রাথমিক স্কুলে পরীক্ষা স্থগিত

■ বেতাগী (বরগুনা) প্রতিনিধি

দ্বিতীয় শ্রেণির পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনায় গতকাল রোববার বেতাগীতে ১৪০টি সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের গণিত বিষয়ের বার্ষিক পরীক্ষা স্থগিত করা হয়েছে।

## বেতাগীতে প্রশ্ন ফাঁস

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে বেতাগীর সমস্যা-সম্ভাবনা নামক পাবলিক পাতায় ধূসর স্বপ্ন নামে ভুয়া একটি আইডি থেকে গত শুক্রবার রাতে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের গুঞ্জন ছড়িয়ে পড়ে। ওই আইডিতে ট্যাগ করা অস্পষ্ট ভাষায় দ্বিতীয় শ্রেণির গণিত পরীক্ষার একটি প্রশ্নপত্র দেওয়া হয়। প্রশ্নপত্রটি পেয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গণিত পরীক্ষার আসল প্রশ্নপত্রের সঙ্গে যাচাই-বাছাই করে হুবহু মিল দেখতে পায়। এ অবস্থায় গত শনিবার বরগুনা জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবদুল মজিদ সরেজমিনে বেতাগীতে গিয়ে ইউএনও ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সঙ্গে বৈঠক করেন। পরে জেলা প্রাথমিক শিক্ষা অফিস কর্তৃপক্ষ উপজেলার সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রোববারের গণিত বিষয়ের বার্ষিক পরীক্ষা স্থগিত করে। ২১ ডিসেম্বর গণিত পরীক্ষার নতুন সময়সূচি ঘোষণা করা হয়েছে।

এদিকে, এ ঘটনায় উপজেলা ভারপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবদুস সালামকে প্রধান ও রিসোর্স সেন্টারের প্রশিক্ষক কে এম শহিদুল্লাহকে সদস্য করে দুই সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

তাদের তিন কার্যদিবসের মধ্যে ইউএনওর মাধ্যমে বরগুনা জেলা প্রশাসকের কাছে প্রতিবেদন দেওয়ার সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে।